

পঞ্চাশ দশকের শেষার্ধ্বে মহান ভাষা আন্দোলনের চেতনায় উদ্ভাসিত গোটা বাঙালি জাতি। পাকিস্তানী শাসক গোষ্ঠীর শোষণ, নির্যাতন আর নিপীড়ন এর যাতাকলে পিষ্ট সংখ্যাগরিষ্ঠ মানুষের অংশ পূর্ব পাকিস্তানের বাঙালিরা। ঢাকায় চলচ্চিত্র নির্মাণের কোন সুযোগ নেই। কোন বাঙালির যদি চলচ্চিত্র নির্মাণের সাধ জাগে তবে নিগেটিভ নিয়ে যেতে হবে পশ্চিম পাকিস্তানের লাহোরে। আবার প্রক্রিয়াকরন শেষে আনতে গেলেও লাগবে কাস্টমস ক্লিয়ারেন্স। চলচ্চিত্র আর কল কারখানা সবই ঐ পশ্চিম পাকিস্তানে। কোটি টাকা ব্যয়ে পশ্চিম পাকিস্তানে গড়ে উঠেছে ফিল্ম ষ্টুডিও।

সাইত্রিশ বছরের এক যুবক মন্ত্রী। যিনি ছিলেন শিল্প, বাণিজ্য ও শ্রম মন্ত্রণালয় এর দায়িত্বে। তিনি শেখ মুজিবুর রহমান। বঙ্গবন্ধু জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি। তাঁর নজরে এল বাঙালি চলচ্চিত্র নির্মাতাদের সুযোগের অভাব। তাঁকে সহায়তা করেছিলেন বাংলাদেশের প্রথম বাংলা সবাক চলচ্চিত্র নির্মাতা আব্দুল জব্বার খান, প্রাদেশিক ফিল্ম বিভাগের প্রধান নাজির আহমেদ, চলচ্চিত্র সংশ্লিষ্ট ব্যক্তিদের মধ্যে নুরুজ্জামান, ড. আব্দুস সাদেক, আব্দুল কালাম শামসুদ্দিন এবং বাণিজ্য বিষয়ক উপসচিব আবুল খায়ের প্রমুখ।

পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদ এর ১৯৫৭ সালের প্রথম অধিবেশন। তারিখ ২৭ মার্চ। “The East Pakistan Film Development Corporation Bill, 1957” পেশ হল এভাবে।

“Mr SHEIKH MUJIBAR RAHMAN; Sir, I beg to proceed to introduce the East Pakistan Film Development Corporation Bill, 1957.”

ঢাকা, ৩ এপ্রিল, ১৯৫৭, বুধবার পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের স্পীকার জনাব আব্দুল হাকিম এর সভাপতিত্বে ১৯৫৭ সালে প্রথম অধিবেশনের শেষ কার্যদিবসের কার্যক্রম শুরু হল।

শুরুতেই মুখ্যমন্ত্রী জনাব আতাউর রহমান খান বললেন “Sir, today is the last day of the session and we have some important work at our disposal. There are two or three Bills which are very important and one --- for instance the Bengal Academy Bill. which I introduced yesterday and the Film Development Corporation Bill which is also very important.”

এর পর ফ্লোর নেন বিরোধিদলীয় নেতা জনাব আবু হোসেইন সরকার। বললেন “So far as the Film Development Corporation Bills is concerned there may not be any controversy”। আরো কয়েকজন বক্তার পর, ফ্লোর নেন বিল উত্থাপনকারী মন্ত্রী শেখ মুজিবুর রহমান বললেন,

“Sir, I beg to move that the East Pakistan Film Development Corporation Bill, 1957 be taken to consideration.”

বিলটি উত্থাপনের পরপরই ফ্লোর নেন বিরোধী দলীয় সদস্য জনাব মো: আব্দুল মতিন। বললেন, “It is very good thing that the Government has brought this Bill before the House for the improvement of film Industry in East Pakistan which is crying need of the day” তিনি কতিপয় সংশোধনী প্রস্তাব পেশ করেন। পরিষদের সদস্য জনাব মো: এমদাদ আলী ও জনাব মুনিব্দ নাথ ভট্টাচার্য আরো কয়েকটি সংশোধনী প্রস্তাব পেশ করেন। বিল উত্থাপনকারী মন্ত্রী শেখ মুজিবুর রহমান গ্রহণ করলেন সংশোধনী প্রস্তাবগুলো।

ফ্লোর নিলেন শিল্প, বাণিজ্য ও শ্রম মন্ত্রী শেখ মুজিবুর রহমান। বললেন, “Sir, I beg to move that the East Pakistan Film Development Corporation Bill, 1957, as settled in the Assembly be passed”। সর্বসম্মতিক্রমে বিলটি পাশ হয়ে গেল।

আইনটি ১৯ জুন, ১৯৫৭ থেকে কার্যকর হয়েছে এবং Dacca gazzatte এর অতিরিক্ত সংখ্যা Pt. I.P.P 1383 প্রকাশিত।

ইতিহাসের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রতিষ্ঠিত হল এফডিসি।

[read more..](#)